# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**16-04-2026** **Time: 7.50 PM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) রাজ্যের প্রথম দফার বিধানসভা নির্বাচনের জন্য ২১-শে এপ্রিল এবং দ্বিতীয় দফার জন্য ২৭ শে এপ্রিলের মধ্যে বাদ পড়া ভোটারদের নাম ট্রাইবুনালের ছাড়পত্র পেলে, তাঁরা ভোট দিতে পারবেন বলে সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছে ।

বিধানসভা নির্বাচনের আগে রাজ্যের আধিকারিকদের বদলি নিয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে দায়ের হওয়া মামলা শুনতে অস্বীকার সুপ্রিম কোর্টের।

২) নির্বাচন কমিশন প্রথম দফার ভোটের আগে ইভিএম ও ভিভিপ্যাটের চূড়ান্ত প্রস্তুতির কাজ শুরু করেছে।

ওয়েবকাস্টিং ও নজরদারির ব্যবস্থা নিয়ে কড়া অবস্থান কমিশনের।

৩) রাজ্যে প্রথম দফার ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে প্রচার তুঙ্গে।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশের নীতি নির্ধারণ এবং উন্নয়নের ক্ষেত্রে নারী শক্তিই প্রধান ভূমিকা পালন করছে।

৫) কলকাতা সহ রাজ্যের সর্বত্র আগামী তিনদিন বজ্রবিদ্যুৎ সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা।

৬) যুব ভারতী ক্রীড়াঙ্গণে আজ আই এস এল ফুটবলে ইস্টবেঙ্গল, বেঙ্গালুরু এফ সি-র মুখোমুখি।

ooooooooooooooooooooooooooooooo

রাজ্যে প্রথম দফার বিধানসভা নির্বাচনের জন্য ২১-শে এপ্রিল এবং দ্বিতীয় দফার জন্য ২৭ শে এপ্রিলের মধ্যে বাদ পড়া ভোটারদের নাম ট্রাইবুনালের ছাড়পত্র পেলে, তাঁরা ভোট দিতে পারবেন বলে সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছে ।

প্রধান বিচারপতি সূর্যকান্ত ও দুই বিচারপতি জয়মাল্য বাগচি ও বিপুল এম পাঞ্চলির বেঞ্চ জানিয়েছেন, সংবিধানের ১৪২ নম্বর ধারা প্রয়োগ করে তারা এই নির্দেশ দিচ্ছেন।

এর জন্য নির্বাচন কমিশনকেও অতিরিক্ত তালিকা প্রকাশ এবং ভোটদানের যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত। তবে, ট্রাইব্যুনালে বাদ পড়া কেউ বা যাদের নামের নিষ্পত্তি হবে না, তারা ভোট দিতে পারবেন না বলে শীর্ষ আদালত লিখিত নির্দেশে জানিয়েছে। মামলার পরবর্তী শুনানি ২৪-শে এপ্রিল।

উল্লেখ্য, ভোটের প্রার্থীদের মনোনয়ন জমা করার শেষ দিনে, ভোটার তালিকা ফ্রিজ করে দেয় নির্বাচন কমিশন। সেক্ষেত্রে সুপ্রিম কোর্ট এই বিশেষ ক্ষমতা প্রয়োগ করলো।

আজকের এই রায়ের পরিপ্রেক্ষিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সন্তোষ প্রকাশ করেছেন। কোচবিহারে তিনি সাংবাদিকদের জানিয়েছেন, বিচার ব্যবস্থার জন্য তিনি গর্বিত।

oooooooooooooooooooooooooooooo

বিধানসভা নির্বাচনের আগে রাজ্যের আধিকারিকদের বদলি নিয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে দায়ের মামলা শুনতে অস্বীকার করেছে সুপ্রিম কোর্ট। কয়েক দিন আগেই আইনজীবী অর্ক নাগের দায়ের করা এসংক্রান্ত মামলা কলকাতা হাইকোর্ট খারিজ করে দেয়। মামলাকারীর পক্ষে আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় এদিন শীর্ষ আদালতে বলেন, আগের নির্বাচনেও রাজ্যের পরামর্শ নেওয়া হলেও এবার তা হয়নি। প্রধান বিচারপতি বলেন, রাজ্যের পরামর্শ নিতেই হবে আইনের কোথাও তা বলা নেই। শীর্ষ আদালত এই আবেদন শুনতে ইচ্ছুক নয়।

oooooooooooooooooooooooooooooo

নির্বাচন কমিশন, প্রথম দফার ভোটের আগে ইভিএম ও ভিভিপ্যাটের চূড়ান্ত প্রস্তুতির কাজ শুরু করেছে। আজ থেকে রাজ্যের বিভিন্ন কেন্দ্রে এই প্রক্রিয়া শুরু হয়েছে।

কমিশন সূত্রে জানা গিয়েছে, ২৩ এপ্রিল যেসব কেন্দ্রে ভোট গ্রহণ, সেই সব জায়গাতেই প্রার্থী বা তাঁদের প্রতিনিধিদের উপস্থিতিতে এই প্রস্তুতি ও পরীক্ষা চালানো হচ্ছে। পাশাপাশি থাকছেন সাধারণ পর্যবেক্ষকরাও।

এই প্রক্রিয়ার গুরুত্বপূর্ণ অংগ হিসেবে নির্দিষ্ট সংখ্যক ইভিএমে মক পোল করা হবে। মোট মেশিনের ৫ শতাংশ বেছে নিয়ে তাতে ১০০০ ভোট দিয়ে পরীক্ষা করা হবে। প্রার্থীরা চাইলে নিজেরাই এই মক পোল প্রক্রিয়ায় অংশ নিতে পারবেন বলে কমিশন জানিয়েছে ।

উল্লেখ্য, প্রথম দফায় পশ্চিমবঙ্গে মোট ৪৪ হাজার ৩৭৮টি ভোটকেন্দ্রে ভোট নেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন প্রথম দফার ভোটের আগে ওয়েবকাস্টিং ও নজরদারির ব্যবস্থা নিয়ে কড়া অবস্থান নিচ্ছে । রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের তরফে মুখ্য সচিব, স্বরাষ্ট্রসচিব এবং শীর্ষ পুলিশ আধিকারিকদের এবিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বৈঠকে জানানো হয়েছে, রাজ্যে মোট ৬৪২টি 'শ্যাডো জোন' চিহ্নিত করা হয়েছে, যেখানে স্বাভাবিক ওয়েবকাস্টিংয়ে সমস্যা হতে পারে। এর মধ্যে ইতিমধ্যেই ২৬২টি জোনে বিকল্প ব্যবস্থা করা হয়েছে। দার্জিলিং, কালিম্পং, ফরাক্কা ও আলিপুরদুয়ার এলাকায় সবচেয়ে বেশি শ্যাডো জোন রয়েছে।

এই সমস্ত এলাকায় বিশেষ ক্যামেরা বসানো হচ্ছে, যাতে সিম কার্ড ব্যবহার করে সরাসরি সংযোগ বজায় রাখা যায়। ফলে মনিটরিংয়ে কোনও বিঘ্ন ঘটবে না বলেই কমিশনের দাবি।

কমিশন স্পষ্ট জানিয়েছে, কেন্দ্রীয় বাহিনীর বিরুদ্ধে কোনও অভিযোগ উঠলে তা গুরুত্ব দিয়ে দেখা হবে। অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট জওয়ানকে সাসপেন্ড করা থেকে চাকরি থেকে অব্যাহতি দেওয়ার মতো কঠোর পদক্ষেপও নেওয়া হতে পারে।নজরদারি আরও জোরদার করতে ইসিআই সদর দফতর এবং জেলা নির্বাচনী আধিকারিকদের অফিসে বিশেষ স্ক্রিন বসানো হচ্ছে। প্রতিটি রিটার্নিং অফিসারের জন্য আলাদা মনিটরিং স্ক্রিন থাকবে। পুরো ব্যবস্থার তদারকিতে ১৫ থেকে ২০ জন আইপিএস আধিকারিককে নিয়োগ করা হচ্ছে।

কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহারও এ বার নির্বাচনে বিশেষভাবে গুরুত্ব পাচ্ছে। ওয়েবকাস্টিং সফটওয়্যারের মাধ্যমে বুথের পরিস্থিতি রিয়েল টাইমে বিশ্লেষণ করা হবে। কোনও বুথে চারজনের বেশি ভোটার একসঙ্গে উপস্থিত থাকলে তা সঙ্গে সঙ্গে নজরে আসবে। একই ভাবে ইভিএমের কাছে একজনের বেশি লোক থাকলেও সতর্কবার্তা পাঠানো হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে নিরাপত্তা ব্যবস্থা, ভোটের দিনের প্রস্তুতি এবং ভোটের দিনের আগের প্রস্তুতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশন সংশ্লিষ্ট জেলা নির্বাচনী আধিকারিক এবং সংশ্লিষ্ট বিধানসভা কেন্দ্রের রিটার্নিং আধিকারিকদের নিয়ে দুই দফায় বৈঠক করছে। প্রথম দফায় **১৫২** টি আসনের নির্বাচনের জন্য আজ বৈঠক করা হয়।

দ্বিতীয় দফায় **১৪২** টি আসনে নির্বাচনে আগামীকাল দুপুর তিনটে নাগাদ এই বৈঠক হবে। ভিডিও কনফারেন্সের মাধ্যমে নির্বাচন কমিশনের সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার মণীশ গর্গ এই বৈঠকে পৌরহিত্য করবেন বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আসন্ন বিধানসভা নির্বাচনে গোটা রাজ্যের মধ্যে একমাত্র ভাঙ্গড় কেন্দ্রে প্রতিটি বুথে দু'টি করে ইভিএম ব্যবহার করা হবে। মোট **১৯** জন প্রার্থী রয়েছেন এই কেন্দ্রে । নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে, একটি ইভিএমে সর্বাধিক **১৬** জন প্রার্থীর নাম ও প্রতীক রাখা যায়। ফলে ভাঙড়ে অতিরিক্ত প্রার্থীর জন্য দ্বিতীয় একটি ইভিএম বসানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

কমিশন জানিয়েছে, এই ধরনের পরিস্থিতিতে ভোটগ্রহণ প্রক্রিয়ায় কোনও বিভ্রান্তি এড়াতে বুথে বিশেষ নির্দেশিকা এবং প্রশিক্ষিত ভোটকর্মী মোতায়েন করা হবে। ভোটারদেরও সচেতন করতে আগাম প্রচার চালানো হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার রাজারহাট-গোপালপুর বিধানসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী অদিতি মুন্সির হলফনামায় ত্রুটির অভিযোগে মামলা দায়ের করেছেন, ওই কেন্দ্রের নির্দল প্রার্থী

অরিন্দম ঘোষ। কলকাতা হাইকোর্টের বিচারপতি কৃষ্ণা রাও মামলা দায়েরের অনুমতি দিয়েছেন। আগামী সোমবার বিশে এপ্রিল মামলাটির শুনানির সম্ভাবনা।

ooooooooooooooooooooooooooooooo

ভোটের মুখে নির্বাচন কমিশনের ভূমিকা ও তথ্যপ্রকাশ নিয়ে উদ্বেগ জানিয়ে তৃণমূল কংগ্রেসের এক প্রতিনিধিদল আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করেছে। শশী পাঁজা, অরূপ বিশ্বাস, নাদিমুল হক সহ তৃণমূল কংগ্রেসের প্রতিনিধিরা আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের সঙ্গে দেখা করেন। পরে মন্ত্রী শশী পাঁজা জানান, কেরলে ভোটের পরিসংখ্যান এখনও ওয়েবসাইটে আপলোড হয়নি, যা স্বাভাবিক নয়। এই ধরনের পরিস্থিতি রাজ্যে তৈরি হতে পারে কি না, তা নিয়েই উদ্বিগ্ন তাঁরা।

অন্য দিকে, মন্ত্রী অরূপ বিশ্বাস আরও সরব হয়ে কমিশনের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তোলেন। তাঁর দাবি, অতীতের কিছু ঘটনা তাঁদের আতঙ্কিত করেছে। নির্বাচন কমিশনকে সম্পূর্ণ স্বতন্ত্র ও নিরপেক্ষ ভূমিকা বজায় রাখার আহ্বান জানান তিনি।

ooooooooooooooooooooooooooooooo

রাজ্যে প্রথম দফার ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে প্রচার জমে উঠেছে।

বিজেপি নেতা ও আসামের মুখ্যমন্ত্রী **হিমন্ত বিশ্ব শর্মা** দলীয় প্রার্থীদের সমর্থনে আজ কোচবিহার ও আলিপুরদুয়ারে বিভিন্ন জনসভা করেন। কোচবিহার দক্ষিণ বিধানসভা কেন্দ্রের মাঘপালায় এক সভায় তিনি বলেন, অসমে গত ১০ বছর বিজেপি সরকার থাকলেও, সেখানে মাছ মাংস খাওয়া বন্ধ হয়নি।

(বাইট – হেমন্ত বিশ্ব শর্মা)

পরে হাঁসিমারার মালঙ্গি হাইস্কুল ময়দানে আর একটি জনসভায় তিনি বলেন, বিজেপি সরকার অসম ও ত্রিপুরায় অনুপ্রবেশ বন্ধ করেছে। ক্ষমতায় এলে এরাজ্যেও অনুপ্রবেশকারীদের বিতাড়িত করা হবে।

উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথও পশ্চিম বর্ধমানে এক জনসভায় বলেছেন, একমাত্র ডাবল ইঞ্জিন সরকার গঠিত হলেই পশ্চিমবঙ্গ নৈরাজ্য ও দুর্নীতি মুক্ত হবে।

বিরোধী দলনেতা **শুভেন্দু অধিকারী** আজ পুরুলিয়ার মানবাজারের এক সভায় বলেন, কয়লা কেলেংকারিতে প্রথমসারির তৃণমূল কংগ্রেস নেতারা জড়িত বলে অভিযোগ করেন। বিজেপি ক্ষমতায় এলে ৬ মাসের মধ্যে পঞ্চায়েত ভোট ও মানবাজার হয়ে পুরুলিয়া থেকে ঝাড়গ্রাম পর্যন্ত রেল পথ নির্মাণ করা হবে বলে আশ্বাস দেন তিনি।

অন্যদিকে, বিজেপি-র রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য অভিযোগ করেছেন, পশ্চিমবঙ্গে নির্বাচন হয় না, করানো হয়। কলকাতা বিমানবন্দরে আজ তিনি সাংবাদিকদের বলেন, তৃণমূল কংগ্রেস ১৫ বছর ধরে এগিয়ে বাংলা স্লোগান দিলেও, অবাধ ও শান্তিপূর্ণ ভোট গ্রহণ সম্ভব হচ্ছেনা।

( বাইট- শমীক)

এর আগে বাঁকুড়ার কোতুলপুর এক জনসভায় শমীকবাবু বলেন, বিজেপি ক্ষমতায় এলে, জেলার সমস্ত অবৈধ বালি ও পাথর খাদান বন্ধ করে দেওয়া হবে।

তৃণমূল কংগ্রেস নেত্রী **মুখ্যমন্ত্রী** মমতা ব্যানার্জী, আজ কোচবিহারের মাথাভাঙা ও দিনহাটায় দুটি সভা করেন। মাথাভাঙার সভামঞ্চ থেকে SIR নিয়ে নির্বাচন কমিশন ও বিজেপির সমালোচনা করেন তিনি। ডিলিমিটেশনের বিল আনারও বিরোধিতা করেন।

( বাইট- মমতা/ডিলিমিটেশন)

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ গত বুথবার তুফানগঞ্জের সভায় ভোটার তালিকা থেকে যাদে নাম বাদ যাবে, তাদের দেশ থেকেও বের করে দেওয়া হবে বলেও যে মন্তব্য করেছিলেন, তৃণমূল কংগ্রেস নেত্রী তারও সমালোচনা করেন। তাঁর দল আবার ক্ষমতায় এলে, কাউকে দেশছাড়া করবে না বলেও আশ্বাস দেন তিনি।

আলিপুরদুয়ার প্যারেড গ্রাউন্ডে আর একটি জনসভায় তৃণমূল কংগ্রেস প্রধান বিজেপি-র সমালোচনা করে তাদের বাংলার দিকে না তাকিয়ে আগে দিল্লি সামলানোর পরামর্শ দেন।

এদিকে, তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ বাঁকুড়ার ওন্দা স্টেডিয়াম মোড় থেকে চৌমাথা পর্যন্ত এক রোডশো করেন।

কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম আজ গোরাগাছা রোডে বাড়ি বাড়ি গিয়ে জনসংযোগ করেন। খিদিরপুর এলাকায় এক জনসভা করেন তিনি।

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী আজ মধুপুর নওদায় রোডশো ও রেজিনগর পথসভা করেন। বহরমপুরে দুটি পথসভাতেও বক্তব্য রাখেন তিনি।

কংগ্রেসের আর এক নেতা আলী ইমরান রামজ আজ উত্তর দিনাজপুরের চাকুলিয়ার বিভিন্ন গ্রামে প্রচার ও জনসংযোগ কর্মসূচিতে অংশ নেন।

CPIM সহ অন্য দলগুলিও আজ বিভিন্ন জায়গায় প্রচারে সামিল হয়েছে।

oooooooooooooooooooooooooooooo

**প্রধানমন্ত্রী** নরেন্দ্র মোদী বলেছেন, দেশের মোট জনসংখ্যার অর্ধেকই হল মহিলা। কাজেই দেশের নীতি নির্ধারণের ক্ষেত্রে তাঁদের গুরুত্বপূর্ণ অবদান থাকা উচিত। তিনি আজ লোকসভায় 'নারীশক্তি বন্দন অধিনিয়ম' সংক্রান্ত তিনটি গুরুত্বপূর্ণ বিলের ওপর আলোচনা অংশ নিয়ে বলেন, দেশের উন্নয়নের নারী শক্তিই প্রধান ভূমিকা পালন করছে। দেশ এই সার্বিক উন্নয়নে মহিলাদের সঠিক প্রতিনিধিত্ব এখন সময়ের দাবী। বিরোধী দলগুলিকে তিনি রাজনীতির উর্ধ্বে উঠে এই ঐতিহাসিক আইন সমর্থনের আহ্বান জানান। কারণ তা দেশের গণতন্ত্র এবং সকলের জন্যই সমান উপযোগী।

( বাইট- মোদী )

প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন, এই আইন দেশের ভবিষ্যত নির্ধারণে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। কাজেই এর বিরোধিতা করলে তার পরিণাম ভালো হবে না বলেও সতর্ক করে দেন তিনি।

শ্রী মোদী বলেন, 'বিকশিত ভারত' মানে শুধুমাত্র পরিকাঠামোগত উন্নয়ন বা অর্থনৈতিক সূচকের বৃদ্ধি নয়, বরং এতে নারীর সমান অংশীদারিত্ব অপরিহার্য। তাঁর সরকার সবকা সাথ – সবকা বিকাশের নীতি মেনে চলার পক্ষপাতি বলেও উল্লেখ করেন প্রধানমন্ত্রী।

কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল বিলিগুলি সভায় পেশ করে জানান, সারা দেশে সমানভাবে আসন বন্টনের জন্য লোকসভার বর্তমান আসন সংখ্যা ৫০ শতাংশ বাড়িয়ে ৮১৫ করার প্রস্তাব রাখা হয়েছে। এর মধ্যে ২৭২ টি আসন নারীদের জন্য সংরক্ষিত থাকবে। যেহেতু ২০২৭ সালের আদমশুমারির ফলাফল হাতে আসতে দেরী আছে, তাই আপাতত ২০১১ সালের জনগণনা অনুযায়ী সীমানা পুনর্নির্ধারণ করা হবে।

কংগ্রেস সাংসদ গৌরব গগৈ, সমাজবাদী পার্টির অখিলেশ যাদব, বিজেপি-র তেজস্বী যাদব আলোচনায় অংশ নেন। শেষ খবর পাওয়া পর্যন্ত আলোচনা এখনও চলছে।

oooooooooooooooooooooooooooooooo

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'নারীর কণ্ঠে মহিলা ক্ষমতায়ন'। বিভিন্ন পেশার মহিলাদের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

oooooooooooooooooooooooooooooooo

অনুকূল বায়ু প্রবাহ ও বঙ্গোপসাগর থেকে পর্যাপ্ত জলীয় বাষ্প প্রবেশ করায় কলকাতা সহ রাজ্যের সর্বত্র আগামী তিনদিন বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা, সঙ্গে থাকবে ঝোড়ো হাওয়া ও ।মৎসজিবিদের আগামী ২৪ ঘণ্টায় সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

এর ফলে সর্বোচ্চ তাপমাত্রা, পরবর্তী দুদিনে দুই থেকে তিন ডিগ্রি কমবে । তবে পরবর্তী পাঁচ দিনে তা ধীরে ধীরে তিন থেকে চার ডিগ্রি সেলসিয়াস বাড়ার সম্ভাবনা। আগামী সপ্তাহের গোরা থেকে গরমের পরিমাণ ও আর্দ্রতা বাড়ার কারণে অস্বস্তিকর আবহাওয়া তৈরি হবে।

উত্তরবঙ্গে আগামী সাতদিন হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩২ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের তুলনায় যা ৩. দশমিক ২° নিচে।

oooooooooooooooooooooooooooooooo

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল,বেঙ্গালুরু এফ সি, র মুখোমুখি । একটু আগে পাওয়া খবরে জানা গেছে

ইস্টবেঙ্গল সাত ম্যাচে ১৪ এবং বেঙ্গালুরু ৮ ম্যাচে ১৪ পয়েন্ট সংগ্রহ করেছে।

আইএসএল ফুটবলে আগামীকাল ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে মহামেডান স্পোটিং, ওড়িশা এফ সি, র বিরূদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

মহামেডান স্পোর্টিং এখনো জয়ের মূখ দেখেনি।টানা সাত ম্যাচে পরাজিত হয়েছে তারা । ওড়িশার ৬ ম্যাচে পয়েন্ট ৫ ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০